

আজ দখিন-বাতাসে
নাম-না-জানা কোন্ বনফুল ফুটল বনের ঘাসে ।
'ও মোর পথের সাথী, পথে পথে গোপনে যায় আসে ।'
কৃষ্ণচূড়া চূড়ায় সাজে, বকুল তোমার মালার মাঝে,
শিরীষ তোমার ভরবে সাজি ফুটেছে সেই আশে ।
'এ মোর পথের বাঁশির সুরে সুরে লুকিয়ে কাঁদে হাসে ।'
ওরে দেখ বা নাই দেখ, ওরে যাও বা না-যাও ভুলে ।
ওরে নাই-বা দিলে দোলা, ওরে নাই-বা নিলে তুলে ।
সভায় তোমার ও কেহ নয়, ওর সাথে নেই ঘরের প্রণয়,
যাওয়া-আসার আভাস নিয়ে রয়েছে একপাশে ।
'ওগো ওর সাথে মোর প্রাণের কথা নিশ্বাসে নিশ্বাসে ।'

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Raag: Pilu
Visit www.geetabitan.com for notation and other detail